শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001 : 2015 CERTIFIED

# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

আশেকপুর, টাঙ্গাইল।

ফোনঃ ০২৯৯৭৭৫৩৩২৪, অভিযোগ কেন্দ্রঃ ০২৯৯৭৭৫৩৩১৫

ই-মেইলঃ tangail_pbs@yahoo.com; ওয়েব-সাইট: www.pbs.tangail.gov.bd; ফেজবুকঃ www.facebook.com/pbstangail

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০২.০০৮.২৪.০২ তারিখঃ ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির জন্য নিম্নবর্ণিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদী চুক্তিভিত্তিক) এর শূন্যপদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দা এবং সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থী ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার প্রকৃত নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা থাকা সাপেক্ষে অনলাইনে **http://tangailpbs.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন/ভাতা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | যে সকল জেলা/ উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (০১ বছর মেয়াদি চুক্তিভিত্তিক) | **৪৯** (উনপঞ্চাশ) টি | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন ১৪,৭০০.০০ টাকা। এছাড়া অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ২৫ বছর | ক) প্রার্থীকে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে চারটি মৌলিক প্রক্রিয়া যেমন গাণিতিক যোগ, বিয়োগ, গুন ও ভাগ করার দক্ষতা থাকতে হবে।<br>গ) প্রার্থীর হাতের লেখা অবশ্যই সুন্দর হতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, উত্তম চরিত্র, ভাল ব্যক্তিত্ব সম্পন্ন, সুন্দর ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।<br>ঙ) গ্রাম গঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে রিডিং গ্রহন এবং বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে এবং পবিসের লক্ষ্য ও কর্মসূচী সম্পর্কে গ্রাহককে অবহিত করতে হবে।<br>চ) গ্রাহকগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>ছ) বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>জ) নিরাপত্তা জামানত হিসেবে পবিসের ক্যাশ শাখায় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। | টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দা এবং সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না। |

**নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

০১। **প্রার্থীর বয়সঃ**

(ক) ১০-০১-২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা **১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসাবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহনযোগ্য নয়।**

০২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত এবং বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় বিভাগীয় ছাড়পত্র দাখিল করতে হবে।

০৩। **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত (ক্রমিক নং ক হতে ঙ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;

(গ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

(ঙ) Online-এ পূরনকৃত আবেদনপত্রের কপি (Applicant`s Copy) ও (Admit Card);

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে **http://pbs.tangail.gov.bd** এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের **http://tangailpbs.teletalk.com.bd** লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে sms এর মাধ্যমে জানানো হবে।

০৫। প্রার্থীদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

০৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ/অসত্য/অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্তকরণ সহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড/টাঙ্গাইল পবিস কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। এই ০১ (এক) বছরের চুক্তির মেয়াদান্তে প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে এবং লোকবল প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এ পরবর্তী চুক্তি সম্পাদিত হতে পারে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের লোকবল প্রয়োজন না হলে তখন ১ম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কোনভাবেই এ চাকুরী স্থায়ী করা হবে না।

১১। অত্র পবিসের কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/ স্ত্রী অথবা উভয়ের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

১২। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কোনক্রমেই স্থায়ী করা হবে না।

১৩। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।

১৪। ইতিপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/ স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতীরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অথবা অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগ প্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোন বিরূপ তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।

১৮। মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় পবিসের অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর ফেরত প্রদান করা হবে।

১৯। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

২০। সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি চুক্তি বর্ষে ০২ (দুই) টি উৎসব বোনাস প্রাপ্য হবেন।

২১। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবীর বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

**অন লাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ**

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ **http://tangailpbs.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ১০/০১/২০২৪ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ৩১/০১/২০২৪ খ্রিঃবিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online**-এ আবেদনপত্র **Submit** এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) **Online** আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ **pixel**) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ **pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০**KB** ও স্বাক্ষর সাইজ, সর্বোচ্চ ৬০ **KB** হতে হবে।

(গ) **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online**- এ আবেদনপত্র **Submit** করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী **Online**-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান** : **Online**-এ আবেদনপত্র (**Application Form**) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর **upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। যদি **Applicant's copy**-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (**Web**-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত **Applicant's copy**-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত **PDF** কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **Applicant's** কপিতে একটি **User ID** নম্বর দেওয়া থাকবে এবং **User ID** নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **Teletalk pre-paid mobile** নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি **SMS** করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকা সহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **Online** এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম **SMS**: **tangailpbs < space < User ID** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।

**Example: tangailpbs ABCDEF & send to 16222**

**Reply: Applicant's Name, TK- 112.00 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type tangailpbs <space>Yes<space>PIN and Send to 16222** নম্বরে।

দ্বিতীয় **SMS:** **tangailpbs <space>Yes<space>PIN** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।
**Example: tangailpbs Yes 12345678**
**Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for tangailpbs Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

(চ) পরীক্ষার সময় সূচী ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি মোবাইল ফোনে **SMS** এবং **http://tangailpbs.teletalk.com.bd** এ নোটিশের মাধ্যমে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) **SMS**-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।
**User ID** জানা থাকলে: **tangailpbs <space>Help<space>User<space>User ID & send to 16222**
**Example: tangailpbs Help User ABCDEF & send to 16222**
**PIN Number** জানা থাকলে:**tangailpbs <space>Help<space>PIN<space>PIN No & send to 16222**
**Example: tangailpbs Help PIN 12345678 & send to 16222**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট **http://pbs.tangail.gov.bd** এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল **https://alljobs.teletalk.com.bd/tangailpbs** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **http://pbs.tangail.gov.bd**ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) **Online**-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা **alljobs.query@teletalk.com.bd** এবং **tangail_pbs@yahoo.com** ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdteletalk** এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (**Mail**/মেসেজ এর **subject**-এ **Organization Name: tangailpbs Post Name: MRCM, Applicant's User ID** ও **Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২২। **Online**-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

01.01.2024
(মোঃ আবু হানিফ মিয়া)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ ( সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় )**
০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জানানো হলো)।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড ।
০৬। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৭। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৮। মেয়র.......................... পৌরসভা, টাঙ্গাইল।
০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, এস ওডি, বাপবিবোর্ড, টাঙ্গাইল।
১১। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩/৪।
১২। ডিজিএম(সদর-কারিগরী)/দেলদুয়ার/মির্জাপুর/নাগরপুর/গোড়াই/বাসাইল/এলেঙ্গা জোনাল অফিস, টাঙ্গাইল পবিস ।
১৩। এজিএম- প্রশাসন/ (অর্থ-হিসাব/রাজস্ব)/ সদস্য সেবা/ ওএন্ডএম/ ইএন্ডসি/আইটি, টাঙ্গাইল পবিস।
১৪। এজিএম ( প্রশাসন), টাঙ্গাইল পবিস ( দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ)
১৫। এজিএম (আইটি), টাঙ্গাইল পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল )।
১৬। নোটিশ বোর্ড, টাঙ্গাইল পবিস ।
১৭। অফিস/মাষ্টার কপি।

০১।০১।২০২৪
(মোঃ আলমগীর রহমান)
এজিএম (মানব সম্পদ)